

প্রধানমন্ত্রীর ইন্দোনেশিয়ার জাকার্তায়ে সফর (০৬-০৭ই সেপ্টেম্বর, ২০২৩)

০২রা সেপ্টেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি শ্রী জোকো উইদোদোর আমন্ত্রণে ০৬-০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ইন্দোনেশিয়ার জাকার্তা সফর করবেন।

২. সফরকালে প্রধানমন্ত্রী আসিয়ানের বর্তমান সভাপতি হিসেবে ইন্দোনেশিয়া আয়োজিত ২০তম আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলন এবং ১৮তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

৩. ২০২২ সালে ভারত-আসিয়ান সম্পর্ককে বিস্তৃত কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার পর আসন্ন আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলন হবে প্রথম শীর্ষ সম্মেলন। এই শীর্ষ সম্মেলনে ভারত-আসিয়ান সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করা হবে এবং সহযোগিতার ভবিষ্যত দিশা নির্ধারণ করা হবে।

৪. পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলন আসিয়ান দেশগুলির নেতৃবৃন্দ এবং ভারত সহ এর আটটি সংলাপ অংশীদারদের আঞ্চলিক ও বৈশ্বিক তাৎপর্যপূর্ণ ইস্যুতে মতবিনিময়ের সুযোগ দেবে।

নয়া দিল্লি

০২রা সেপ্টেম্বর, ২০২৩